

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৪৭(আগরতলা ২৫।০৫)
বিশালগড়, ২৫ মে, ২০২৩

মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলি যোজনা
সিপাহীজলা জেলায় উপকৃত ২৫৯টি পরিবার

মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলি যোজনায় সিপাহীজলা জেলায় এখন পর্যন্ত ২৫৯টি পরিবার উপকৃত হয়েছেন। এই যোজনায় সুবিধাভোগী পরিবারগুলিকে ২ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়। জেলার বিশালগড় আইসিডিএস প্রোজেক্টের অধীনে ১১৩টি, বক্সনগর আইসিডিএস প্রোজেক্টের অধীনে ৬টি, জম্পুইজলা আইসিডিএস প্রোজেক্টের অধীনে ৩৫টি, কাঁঠালিয়া আইসিডিএস প্রোজেক্টের অধীনে ২৯টি, মেলাঘর আইসিডিএস প্রোজেক্টের অধীনে ৭৫টি ও সোনামুড়া আইসিডিএস প্রোজেক্টের অধীনে ১টি পরিবার এই যোজনায় সহায়তা পেয়েছেন। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়।
